



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ: ৯.৮.২০১৮

## সংবাদ বিজ্ঞপ্তি

### জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মসূচি

১৫ই আগস্ট ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করেছে।

#### ১৫ই আগস্ট ২০১৮

- সকাল ৬:০০ টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাস, নগর কার্যালয় এবং সকল আঞ্চলিক কেন্দ্রে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিতকরণ এবং কালো পতাকা উত্তোলন ও কালো ব্যাজ ধারণ।
- সকাল ৭:০০ টায় বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিউ মডেল ডিগ্রি কলেজের সামনে জমায়েত হয়ে মাননীয় উপাচার্যের নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বর সড়কে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ ও শ্রদ্ধা নিবেদন।

#### ১৬ই আগস্ট ২০১৮

- সকাল ১১:০০ টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসের সিনেট হলে জাতীয় শোক দিবসের আলোচনা সভা ও কালো ব্যাজ ধারণ।
- একই দিন সকালে কোরানখানি ও বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধুসহ ১৫ই আগস্ট ১৯৭৫ শাহাদতবরণকারী তাঁর পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্যদের রুহের মাগফেরাত কামনা করে মিলাদ ও দোয়া মাহফিল।
- এছাড়া, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত অনুরূপ কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় পালন করবে।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়